# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

অতিরিক্ত মহাপরিচালক
(পরিকল্পনা,নকশা ও গবেষণা) এর দপ্তর
ব্লক-এফ, লেভেল-৫, পানি ভবন,
৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫।
ফোনঃ ০২-২২২২৩০০৪০-৪২

adgpl.bwdb@gmail.com

**Office of the Additional Director General**
**(Planning, Design & Research)**
Block-F, Level-5, Pani Bhaban,
72 Green Road, Dhaka-1205
Phone: 02-222230040-42

স্মারক নং-৪২.০১.০০০০.০৩২.০৬.০০১.২২-৫৩ তারিখঃ ২৫/০৭/২০২২ খ্রিঃ

## দপ্তরাদেশ

ভেড়ামারাস্থ গঙ্গা-কপোতাক্ষ (জি-কে) পাম্প স্টেশনের অত্যাধুনিক সূক্ষ্ম কারিগরি প্রযুক্তি সম্পন্ন ৩(তিন) টি প্রধান পাম্পের যান্ত্রিক ও বৈদ্যুতিক যন্ত্রপাতির ত্রুটি বিচ্যুতি মেরামত ও যন্ত্রাংশ পরিবর্তনের বিষয়ে পরামর্শ ও সহায়তা প্রদানের জন্য বোর্ড সচিবালয়, বাপাউবো, ঢাকার স্মারক নং-৪২.০১.০০০০.০০৪.০৬.০৩৭.১৯-১৯১ তারিখঃ ১০/০৬/২০২১ খ্রিঃ মোতাবেক গঠিত কারিগরি কমিটিটি (পতাকা-ক) গঙ্গা-কপোতাক্ষ (জি-কে) পাম্প হাউজের জন্য পুনরায় বহাল রাখার লক্ষ্যে প্রকল্প কর্তৃপক্ষের প্রস্তাবনা ও সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলীর সুপারিশমতে নিম্নবর্ণিত ৭(সাত) সদস্য বিশিষ্ট একটি সতন্ত্র কারিগরি কমিটি পুনর্গঠন করা হলো।

| ক্রঃ নং | কর্মকর্তাগণের নাম ও পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | প্রধান প্রকৌশলী, ডিজাইন, বাপাউবো, ঢাকা। | আহবায়ক |
| ২। | প্রধান প্রকৌশলী, যান্ত্রিক সরঞ্জাম, বাপাউবো, তেজগাঁও, ঢাকা। | সদস্য |
| ৩। | প্রধান প্রকৌশলী, পশ্চিমাঞ্চল, বাপাউবো, ফরিদপুর। | সদস্য |
| ৪। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ডিজাইন সার্কেল-৩ (যান্ত্রিক), বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৫। | জনাব মোঃ শফিকুল ইসলাম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ড্রেজার সার্ভিসেস সার্কেল, বাপাউবো, নারায়নগঞ্জ। | সদস্য |
| ৬। | নির্বাহী প্রকৌশলী, ভেড়ামারা পাম্প স্টেশন বিভাগ, বাপাউবো, ভেড়ামারা, কুষ্টিয়া। | সদস্য |
| ৭। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কুষ্টিয়া পওর সার্কেল, বাপাউবো, কুষ্টিয়া। | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধিঃ**

ক) ভেড়ামারাস্থ গঙ্গা-কপোতাক্ষ (জি-কে) পাম্প স্টেশনের অত্যাধুনিক সূক্ষ্ম কারিগরি প্রযুক্তি সম্পন্ন যান্ত্রিক ও বৈদ্যুতিক যন্ত্রপাতির হঠাৎ ত্রুটি-বিচ্যুতি দেখা দিলে সরেজমিনে পরিদর্শন পূর্বক রেকর্ডপত্র/তথ্য-উপাত্ত পর্যালোচনা পূর্বক তা চিহ্নিতকরণ।

খ) ত্রুটি-বিচ্যুতির কারন নির্ণয় ও ত্রুটি-বিচ্যুতি মেরামত/যন্ত্রাংশ পরিবর্তনের ব্যাপারে সংশ্লিষ্ট দপ্তরকে কারিগরি ও নকশাজনিত পরামর্শ ও সহায়তা প্রদান;

গ) কমিটি সরেজমিনে সংশ্লিষ্ট সেচ/নিষ্কাশন প্রকল্পসমূহের সকল পাম্প স্টেশন পরিদর্শন করে বর্তমান ও ভবিষ্যৎ সেচ/নিষ্কাশন চাহিদার আলোকে বর্তমান উপযোগিতা ও কার্যকারিতা নিরূপণ করে কারিগরি সম্ভাব্যতা যাচাই করতঃ পাম্পসমূহ এবং তৎসংশ্লিষ্ট যান্ত্রিক/বৈদ্যুতিক যন্ত্রাংশসমূহে মেজর ওভারহোলিং/প্রতিস্থাপন/পুনর্বাসন/পিরিয়ডিক মেরামত ও রক্ষণাবেক্ষণের বিষয়টি বিবেচনাপূর্বক প্রয়োজনীয় সুপারিশমালাসহ প্রতিবেদন দাখিল করবেন;

ঘ) পাম্পসমূহ এবং তৎসংশ্লিষ্ট যন্ত্রাংশসমূহে মেজর ওভারহোলিং/পুনর্বাসন/মেরামত অথবা নতুন পাম্প হাউজ স্থাপনে প্রয়োজনীয় কার্যক্রম/অবকাঠামো নির্মাণের যৌক্তিকতা ও সম্ভাব্য ব্যয় নিরূপণ করবেন;

ঙ) পাম্পসমূহ এবং তৎসংশ্লিষ্ট যন্ত্রাংশসমূহে মেজর ওভারহোলিং/পুনর্বাসন/মেরামতে অথবা প্রয়োজনীয় কার্যক্রম/অবকাঠামো নির্মাণ/স্থাপনা মূল স্থাপন বা সরবরাহকারী কোম্পানীর সাথে যোগাযোগ করে বিবেচ্য ভবিষ্যৎ পরিকল্পনা নির্ধারণে সুপারিশমালা প্রতিবেদন উল্লেখ করবেন;

চ) বাপাউবো'র পাম্প হাউজগুলোর সক্ষমতা বৃদ্ধির জন্য কম্পিউটারাইজড স্বয়ংক্রিয় মজুদ ব্যবস্থাপনা স্থাপন বিষয়ে মতামত প্রদান করবেন;

ছ) পাম্প হাউজগুলোর পরিচালনার ব্যাপারে সক্ষমতা বৃদ্ধির জন্য G2G পদ্ধতিতে ব্যবস্থা নেয়ার বিষয়ে সম্ভাব্যতা প্রণয়ন করবেন।

২। কমিটি সুনির্দিষ্ট কার্যক্রমের সুপারিশমালাসহ সমীক্ষা/কারিগরি প্রতিবেদন এ আদেশ জারীর পরবর্তী ৩০(ত্রিশ) কার্যদিবসের মধ্যে ৩(তিন) প্রস্তে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন।

৩। মূল প্রতিবেদনের Soft Copy অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) মহোদয়ের ই-মেইল adgpl.bwdb@gmail.com ঠিকানায় প্রেরণ করবেন।

৪। মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

২৫/০৭/২০২২

(মোঃ আঃ মজিদ)
পরিচালক (চলতি দায়িত্ব) এবং
উপ-সচিব (পরিকল্পনা)
অতিঃ মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) এর দপ্তর
বাপাউবো, ঢাকা।

অনুলিপি ঃ
১। প্রধান প্রকৌশলী, ডিজাইন, বাপাউবো, ঢাকা ও কমিটির আহবায়ক।
২। প্রধান প্রকৌশলী, যান্ত্রিক সরঞ্জাম, বাপাউবো, তেজগাঁও, ঢাকা ও কমিটির সদস্য।
৩। প্রধান প্রকৌশলী, পশ্চিমাঞ্চল, বাপাউবো, ফরিদপুর ও কমিটির সদস্য।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ডিজাইন সার্কেল-৩ (যান্ত্রিক), বাপাউবো, ঢাকা ও কমিটির সদস্য।
৫। জনাব মোঃ শফিকুল ইসলাম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ড্রেজার সার্ভিসেস সার্কেল, বাপাউবো, নারায়নগঞ্জ ও কমিটির সদস্য।
৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কুষ্টিয়া পওর সার্কেল, বাপাউবো, কুষ্টিয়া ও কমিটির সদস্য-সচিব।
৭। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৮। নির্বাহী প্রকৌশলী, ভেড়ামারা পাম্প স্টেশন বিভাগ, বাপাউবো, ভেড়ামারা, কুষ্টিয়া ও কমিটির সদস্য।
৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
১০। অফিস কপি।